রূপগঞ্জে জমি দখল-মামলা দিয়ে হয়রানির অভিযোগে কৃষকদের বিক্ষোভ



ছবি: লেন্স এশিয়া।

নারায়ণগঞ্জের রূপগঞ্জে জমি দখল ও মামলা দিয়ে হয়রানির প্রতিবাদে ফরটিস গ্রুপের প্লাটিনাম কোম্পানির সামনে মানববন্ধন ও বিক্ষোভ করেছেন স্থানীয় কৃষকরা। বুধবার (২৫ নভেম্বর) দুপুরে উপজেলার রূপগঞ্জ ইউনিয়নের বাগবের এলাকায় এ কর্মসূচি পালন করেন দক্ষিণবাগ, কেয়ারিয়া, টিনর ও বাঘবের এলাকার ভুক্তভোগীরা।

মানববন্ধনে বক্তব্য দেন কৃষক মনসুর আলী, মনির হোসেন, ওহাব মিয়া, জুয়েল মিয়া ও স্বপন মিয়াসহ আরও অনেকে।

কর্মসূচিতে কৃষকরা অভিযোগ করেন, কোম্পানির মালিকপক্ষ প্রভাব খাটিয়ে তাঁদের কাছ থেকে জমি না কিনেই বালু ভরাট করে দখলে নিয়েছে। অনেকের জমি জাল দলিল তৈরি করে নেওয়া হয়েছে বলেও অভিযোগ তাঁদের। জমির চারপাশে সীমানাপ্রাচীর নির্মাণ করায় নিজেদের জমিতে প্রবেশ করতে পারছেন না ভুক্তভোগীরা।

কৃষকদের আরও অভিযোগ, তাঁদের অনেকের বিরুদ্ধে মিথ্যা মামলা দিয়ে হয়রানি করা হচ্ছে। নিজেদের জমিতে যেতে চাইলেও নানা ধরনের বাধা ও নির্যাতনের মুখে পড়তে হচ্ছে তাঁদের।

এ সময় পাঁচ দফা দাবি তুলে ধরেন বিক্ষোভকারীরা। দাবিগুলোর মধ্যে রয়েছে, জমি দখল বন্ধ করা, জাল দলিল তৈরির অভিযোগ তদন্ত, অসহায় মানুষের সম্পত্তির নিরাপত্তা নিশ্চিত করা এবং অভিযোগের সত্যতা পাওয়া গেলে দায়ীদের আইনের আওতায় আনা।

পরে মানববন্ধন শেষে কৃষকরা জলসিঁড়ি ১০০ ফুট সড়কে বিক্ষোভ মিছিল করেন।